

Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।



পত্র সংখ্যা ০৩.৪৫.২৬৯০.০৭০.১৬.০৬.১৯- ০৬০

তারিখ ২৩ ভাদ্র, ১৪২৮
০৭ সেপ্টেম্বর, ২০২১

বিষয়: ছাত্র/ছাত্রীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের কর্মপন্থা নির্ধারণের জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে ছাত্র/ছাত্রীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের কর্মপন্থা নির্ধারণের জন্য ০২/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয় সদয় অনুমোদন করেছেন।

০২। এমতাবস্থায়, পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার কার্যবিবরণীর মূলকপি এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সচিবের দপ্তর	
ডায়েরি নম্বর: ৩৭৪০	তারিখ: ০৮/০৯/২১
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)	মুখ্য সচিব (মাদ্রাসা)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)	মুখ্য সচিব (উন্নয়ন)
অতিরিক্ত সচিব (কারিগরি) ১/২	উপ প্রধান (পরিঃ)
অতিরিক্ত সচিব (মাদ্রাসা) ১/২	উপসচিব (SDG)
অতিরিক্ত সচিব (অডিট ও আইন) ১/২	উপসচিব
মুখ্য সচিব (প্রঃ ও অর্থ)	
মুখ্য সচিব (কারিগরি)	

০৭/০৯/২০২১
(মুহম্মদ শাহীন ইমরান)
পরিচালক-৩
ফোন: ৫৫০২৯৪২৩
e-mail: dir3@pmo.gov.bd
pmodirector3@gmail.com

সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)

- প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- মহাপরিচালক-১/২ এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর	
ডায়েরী নং- ৭৭০৬	
তারিখ- ০৪ SEP 2021	
অতিরিক্ত সচিব (প্রশাসন-১)	
মুখ্য-সচিব (প্রশাসন-২)	
	স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

বিষয়: ছাত্র-ছাত্রীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের কর্মসূচী নির্ধারণের জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. আহমদ কায়কাউস
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
তারিখ ও সময় : ০২.০৯.২০২১ বিকাল ০৫.০০ টা।
স্থান : প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাকক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট “ক”)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আসন্ন কোভিড-১৯ টিকাদান কার্যক্রম বিষয়ে আলোচনা শুরু করার স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে আহ্বান জানান। মহাপরিচালকের অনুমতিক্রমে পরিচালক ও লাইন ডিরেক্টর এমএনসিঅ্যান্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর দেশব্যাপী চলমান কোভিড-১৯ ভ্যাকসিনেশনের হালনাগাদ তথ্যাদি ও সর্বশেষ সিস্টেমসমূহের প্রেক্ষিতে গৃহীত পদক্ষেপ সভায় উপস্থাপন করেন।

১. লাইন ডিরেক্টর, এমএনসিঅ্যান্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, দেশে চলমান কোভিড-১৯ ভ্যাকসিনেশনের সার্বিক অগ্রগতি ও নিশ্চিতকৃত ভ্যাকসিন উৎস সম্পর্কিত বিষয়সমূহ সভায় তুলে ধরেন। তিনি ইতোমধ্যেই অগ্রাধিকার তালিকাভুক্ত শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণের টিকা গ্রহণের হালনাগাদ চিত্র তুলে ধরেন।

২. সভাপতি অতি শীঘ্রই সারাদেশের কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহ উন্মুক্ত করে দেয়ার বিষয়ে সরকারের ইচ্ছা বর্ণনা করেন। অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর জানান বিশ্বে শুধুমাত্র চীনে ৩ বছর হতে ১৭ বছর বয়সী জনগোষ্ঠীর মধ্যে সিনোফার্ম ভ্যাকসিনের ট্রায়াল পরিচালনা করা হচ্ছে। তিনি আরও জানান কেবলমাত্র মার্কিন যুক্তরাষ্ট্র ১২ বছর ও তদুর্ধ্ব বয়সী জনগোষ্ঠীর মধ্যে শুধুমাত্র ফাইজার ভ্যাকসিন প্রদান করা হয়েছে। তিনি বর্তমান ভ্যাকসিন মজুদ, ১২ সেপ্টেম্বর অনুষ্ঠিতব্য ২য় রাউন্ড ক্যাম্পেইন, ভবিষ্যৎ ভ্যাকসিন উৎস ও পরিমাণ এবং নিবন্ধনকৃত বয়স্ক জনগোষ্ঠীর তাদের ভ্যাকসিন গ্রহণের হার বিবেচনা পূর্বক অচিরেই ভ্যাকসিন গ্রহণের বয়সসীমা ১৮ বছরের নিচে না নামানোর বিষয়ে পরামর্শ প্রদান করেন।

৩. সভায় দেশের কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষার্থীগণকে একযোগে ভ্যাকসিনেশনের আওতায় আনার বিষয়ে আলোচনা করা হয়। উক্ত জনগোষ্ঠীকে টিকাদানের আওতায় আনতে কেন্দ্র নির্ধারণ, রেজিস্ট্রেশনসহ অন্যান্য প্রক্রিয়া নির্ধারণ করা হয়।

৪. সভাপতি বয়স্ক জনগোষ্ঠীর তুলনামূলক কম টিকা গ্রহণের বিষয়টি সভায় উত্থাপন করেন। অতিরিক্ত মহাপরিচালক পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর এ বিষয়ে জানান, মূলত দেশব্যাপী ভ্যাকসিনেশন শুরুর অল্প কয়েকদিনের মাথায় উদ্দীষ্ট বয়সসীমা কমিয়ে আনার ফলে ষাটোর্ধ্ব জনগোষ্ঠীর রেজিস্ট্রেশন ও ভ্যাকসিনেশন অন্যান্য বয়সসীমার জনগোষ্ঠীর তুলনায় তুলনামূলক কম হয়েছে।



অ.পূ.দ.

সিদ্ধান্তঃ

১. ৭-১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে সারাদেশে কোভিড-১৯ ভ্যাকসিনেশন ক্যাম্পেইনের ২য় রাউন্ড অনুষ্ঠিত হবে;

২. কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ১৮ বছর ও তদুর্ধ্ব শিক্ষার্থীগণকে তাদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানেই স্বাস্থ্য বিভাগের সহায়তায় কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণের তালিকা প্রস্তুত করবে;

৩. তালিকা প্রণয়নের ক্ষেত্রে আইসিটি বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত ছক অনুযায়ী জাতীয় পরিচয় পত্র অথবা জাতীয় পরিচয় না থাকলে নাম, জন্ম নিবন্ধন নাম্বার, জন্ম তারিখ ও লিঙ্গ ইত্যাদি তথ্যাদি এক্সেল শিটে লিপিবদ্ধ পূর্বক শিক্ষা মন্ত্রণালয় আইসিটি বিভাগকে সরবরাহ করবে;


৪. তালিকাভুক্ত শিক্ষার্থীগণ আইসিটি বিভাগ কর্তৃক হোয়াইট লিস্টিং এর মাধ্যমে সুরক্ষা অ্যাপ/ ওয়েব পোর্টালে নিজ নিজ কলেজের নিকটবর্তী ভ্যাকসিনেশন সেন্টার নির্বাচন পূর্বক রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন;

৫. রেজিস্ট্রেশন সম্পন্নকরণ সাপেক্ষে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত দৈনিক ভ্যাকসিন গ্রহীতার তালিকা অনুযায়ী ভ্যাকসিন প্রদান করা হবে;

৬. যেসকল প্রতিষ্ঠানের নিজস্ব চিকিৎসা কেন্দ্র রয়েছে সেসকল প্রতিষ্ঠানের সেবিকাগণকে কোভিড-১৯ ভ্যাকসিনেশন প্রদান প্রশিক্ষণ প্রদান করা হবে। অপরদিকে যেসকল শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব চিকিৎসা কেন্দ্র নেই সেসকল স্থানে স্বাস্থ্য বিভাগের প্রশিক্ষিত সেবিকাগণ ভ্যাকসিন প্রদান করবেন;

৭. বৃহৎ সিটি করপোরেশন যেমন ঢাকা, চট্টগ্রামের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহ তাদের টিকাদান কেন্দ্রে তাদের অ্যাফিলিয়েটেড (Affiliated) সরকারি-বেসরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণকে ভ্যাকসিন প্রদানের ব্যবস্থা করবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. আহমদ কায়কাউস)

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

ও

সভাপতি, করোনা ভাইরাস ভ্যাকসিন প্রদান

কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কমিটি